

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন


তারিখ, ২৩ মার্চ ২০১৪, বঙ্গাব্দ/..... ২৫/০২/..... ২০১৫ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং-২৪-আইন/২০১৫/০২/কাস্টমস্- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 (1), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫১-আইন/২০০৯/২২৫৪/শুদ্ধ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের -

- (ক) শর্ত ১ এ উল্লিখিত "১৫০০" সংখ্যাটির পরিবর্তে "১৪৮৫" সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) শর্ত ২ এ উল্লিখিত "১০ লক্ষ" সংখ্যা ও শব্দটির পরিবর্তে "২.৫ কোটি" সংখ্যা, চিহ্ন ও শব্দটি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১৭ চৈত্র, ১৪২০ বঙ্গাব্দ/৩১ মার্চ, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  


(মোঃ নজিবুর রহমান)  
সচিব।